## ঠাণ্ডাজনিত অসুস্থতার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা

# তীব্র শীতের সময়



방글라데시

- "তীব্র শীত" এমন একটি ঠাণ্ডা আবহাওয়াজনিত অবস্থা যার ফলে হাইপোথারমিয়া ও ফ্রস্টবাইটের মতো স্বাস্থ্য সমস্যা দেখা দেয়।
- কাজ শুরু করার আগে, তীব্র শীতের 5টি সাধারণ সুরক্ষা বিধি যাচাই করুন এবং কোনোটির ঘাটতি থাকলে ব্যবস্থা নিন।

## ✻ তীব্র শীতের সতর্কবার্তার মানদণ্ড

**শৈত্য প্রবাহের সম্ভাবনা**

- যখন সকালের সর্বনিম্ন তাপমাত্রা টানা 2 বা তার বেশি দিন −12℃ এর নিচে থাকার সম্ভাবনা থাকে
- যখন সকালের সর্বনিম্ন তাপমাত্রা আগের দিনের তুলনায় 10℃ বা তার বেশি কমে 3℃ বা তার নিচে পৌঁছানোর সম্ভাবনা থাকে

**শৈত্য প্রবাহের সতর্কবার্তা**

- যখন সকালের সর্বনিম্ন তাপমাত্রা টানা 2 বা তার বেশি দিন −15℃ এর নিচে থাকার সম্ভাবনা থাকে
- যখন সকালের সর্বনিম্ন তাপমাত্রা আগের দিনের তুলনায় 15℃ বা তার বেশি কমে 3℃ বা তার নিচে পৌঁছানোর সম্ভাবনা থাকে

※ বিস্তারিত তথ্যের জন্য, কোরিয়া আবহাওয়া প্রশাসন কার্যকর ডিক্রি [পরিশিষ্ট 1] সতর্কবার্তার মানদণ্ড দেখুন।

## ✻ তীব্র শীতের 5টি সাধারণ সুরক্ষা বিধি

### গরম কাপড়

- গরম কাপড় পরুন, টুপি ও হাত মোজাসহ
- ইনসুলেশন ও ওয়াটারপ্রুফিংসহ জুতা পরুন
  - ＊ অতিরিক্ত মোজা প্রস্তুত রাখুন যদি পানিতে বা ঘামে ভিজে যায়।

### উষ্ণ আশ্রয়কেন্দ্র (বিশ্রামের জায়গা)

- কাজের স্থানের কাছাকাছি উষ্ণ আশ্রয়কেন্দ্র স্থাপন করুন
  - ＊ আশ্রয়কেন্দ্রে আগুন এবং ক্ষতিকারক গ্যাসের সংস্পর্শের বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করুন।
- তীব শীতের সতর্কবার্তার সময়, পর্যাপ্ত বিশ্রাম দিন।

### উষ্ণ পানি

- পরিষ্কার ও উষ্ণ পানি সরবরাহ করুন

### কর্মঘন্টা সমন্বয় করুন

- শৈত্য প্রবাহের সম্ভাবনা: কর্মঘন্টা সমন্বয় করুন এবং সংক্ষিপ্ত করুন
- শৈত্য প্রবাহের সতর্কবার্তা: ঠান্ডার সময় (ভোরে) বাইরের কাজ বন্ধ করুন অথবা কমিয়ে দিন।

### 119 নম্বরে কল করুন (জরুরী নম্বর)

- ঠান্ডাজনিত অসুস্থতার ক্ষেত্রে, অবিলম্বে 119 নম্বরে কল করুন।
- শ্রমিকদের ঠান্ডাজনিত অসুস্থতার লক্ষণ, প্রতিরোধমূলক ব্যবস্থা এবং প্রাথমিক চিকিৎসা সম্পর্কে আগে থেকেই জানান।




2025-산업보건실-1478

Ministry of Employment and Labor

KOREA OCCUPATIONAL SAFETY & HEALTH AGENCY

Korea Disease Control and Prevention Agency



OPEN 공공누리 공공저작물 자유이용허락

# ✻ ঠান্ডাজনিত অসুস্থতার ঝুঁকিপূর্ণ গ্রুপের ব্যবস্থাপনা

- ঠান্ডাজনিত অসুস্থতার ঝুঁকিপূর্ণ গ্রুপ পর্যবেক্ষণ করুন এবং উষ্ণ আশ্রয়কেন্দ্রে পর্যায়ক্রমে বিশ্রাম দিন
- তীব্র শীতের সতর্কবার্তা চলাকালীন, ঠান্ডার সময় (ভোরে) ঝুঁকিপূর্ণ গ্রুপ এবং ভারী কাজ করা কর্মীদের জন্য বাইরের কাজ কমিয়ে দিন।

| | |
|---|---|
| ঝুঁকিপূর্ণ গ্রুপ কারা | উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, সেরিব্রোভাসকুলার বা হৃদরোগ, হাইপোথাইরয়েডিজম, দুর্বলতাসহ, বয়স্ক এবং নতুন নিয়োগপ্রাপ্ত কর্মী |
| ভারী কাজগুলো কী কী | পুরো শরীরের সাথে সম্পর্কিত কাজ যেমন ফর্মওয়ার্ক, রিবার, অথবা বেলচা, হাতুড়ি, করাত, পিক্যাক্স, কুড়াল ইত্যাদি ব্যবহার করে কংক্রিটের কাজ, অথবা ভারী জিনিসপত্র নাড়াচাড়া করা |

# ✻ ঠাণ্ডাজনিত রোগের লক্ষণ এবং প্রাথমিক চিকিৎসা

| ঠাণ্ডাজনিত রোগ | লক্ষণ | প্রাথমিক চিকিৎসার নির্দেশনা |
|---|---|---|
|  হাইপোথারমিয়া | • শরীরের মূল তাপমাত্রা 35℃ এর নিচে<br>• কাঁপুনি, ক্লান্তি, বিভ্রান্তি, আড়ষ্ঠ কথা বলা, স্মৃতিশক্তি হ্রাস<br>• (মৃদু) বুদ্ধিবৃত্তিক অক্ষমতা<br>• (মাঝারি) জ্ঞান হারানো, অনিয়মিত হৃদ স্পন্দন, ধীর শ্বাস-প্রশ্বাস<br>• (তীব্র) কোমা, কার্ডিয়াক অ্যারেস্ট | • যদি শরীরের তাপমাত্রা 35℃ এর নিচে থাকে অথবা ব্যক্তি অজ্ঞান হয়ে পড়ে, তাহলে সাথে সাথে 119 নম্বরে কল করুন এবং মেডিকেলে নিয়ে যান।<br>• যদি অ্যাম্বুলেন্স না আসে বা মেডিকেলে পরিবহন সম্ভব না হয়, তাহলে নিম্নলিখিত পদক্ষেপ নিন:<br>- যত তাড়াতাড়ি সম্ভব ব্যক্তিকে উষ্ণ স্থানে সরিয়ে নিন<br>- ভেজা পোশাক খুলে কম্বল দিয়ে মুড়িয়ে দিন |
|  ফ্রস্টবাইট | • ঠান্ডা লাগার কারণে ত্বক এবং ত্বকের নিচের টিস্যু জমে যাওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া<br>• ত্বক সাদা বা হলদে-ধূসর হয়ে যায়<br>• ত্বক অস্বাভাবিকভাবে শক্ত অনুভব হয়<br>• অনুভূতি হ্রাস, অসাড়তা | • চিকিৎসার জন্য অবিলম্বে কোনো মেডিকেলে যান<br>• যদি তাৎক্ষণিক চিকিৎসা পাওয়া না যায়, তাহলে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করুন:<br>- দ্রুত ব্যক্তিকে উষ্ণ স্থানে সরিয়ে নিন<br>- ফ্রস্টবাইটের স্থান 20-40 মিনিট কুসুম গরম পানিতে ডুবিয়ে রাখুন |
|  ট্রেঞ্চ ফুট | • ত্বক লাল হওয়া, চুলকানো<br>• গুরুতর ক্ষেত্রে, রক্ত জমাট বাঁধা, ফোসকা, বা আলসার হতে পারে | • আক্রান্ত স্থান কুসুম গরম পানিতে ডুবিয়ে উষ্ণ রাখুন<br>• রক্ত সঞ্চালন বৃদ্ধির জন্য আলতো করে জায়গাটি মালিশ করুন; আঁচড় দেবেন না<br>• আক্রান্ত স্থান পরিষ্কার ও আর্দ্র রাখুন |
|  পা কুচকে যাওয়া / ইমারসন সিনড্রোম | • চুলকানি, অসাড়তা, বা ঝিনঝিন ব্যথা<br>• ফোলা ত্বক যা লাল, নীল বা কালো হয়ে যায়<br>• গুরুতর ক্ষেত্রে, ফোসকা, টিস্যু নেক্রোসিস, বা আলসার হতে পারে | • ভেজা জুতা এবং মোজা খুলে ফেলুন<br>• আক্রান্ত স্থানটি কুসুম গরম পানি দিয়ে ধুয়ে ভালো করে শুকিয়ে নিন। |

※ বিস্তারিত জানতে কোরিয়া রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ এজেন্সির (KDCA) "শৈত্য প্রবাহের প্রস্তুতি এবং ঠান্ডা-জনিত অসুস্থতা প্রতিরোধ" নির্দেশিকা দেখুন।

# ✻ শীতকালে শ্বাসরোধ এবং পিছলে যাওয়ার দুর্ঘটনা প্রতিরোধ

### নির্মাণ সাইটে ব্রিকেট (তুষ কাঠের জ্বালানি) ব্যবহার করার সময় শ্বাসরোধের ঝুঁকি প্রতিরোধ করুন



- কংক্রিট জমানোর জন্য ব্রিকেটের পরিবর্তে গরম-বাতাসের হিটার ব্যবহার করুন।
- যদি কিউরিংয়ের জন্য ব্রিকেট ব্যবহার করতেই হয়, তাহলে নিশ্চিত করুন:
  - ↳ অক্সিজেন এবং বিষাক্ত গ্যাসের মাত্রা পরীক্ষা করুন, পর্যাপ্ত বায়ুচলাচলের ব্যবস্থা করুন, সঠিক প্রতিরক্ষামূলক সরঞ্জাম পরুন।

### বরফ জমা রাস্তায় পিছলে যাওয়া প্রতিরোধ করুন



- পিছলে যাওয়া প্রতিরোধী সেফটি সু পরুন।
- কাজ শুরু করার আগে তুষার ও বরফ সরিয়ে ফেলুন এবং পিচ্ছিল জায়গায় বালি বা লবণ ছড়িয়ে দিন।

Ministry of Employment and Labor
KOREA OCCUPATIONAL SAFETY & HEALTH AGENCY
Korea Disease Control and Prevention Agency